

## জীবন ও ছন্দ

এফ. আহমেদ

জীবনের ছন্দই যেখানে হারিয়ে গেছে,  
সেখানে সুরের মুর্ছায় কি হবে?

অথচ এই সঙ্গীতই একদিন -  
কতনা ভালবাসতাম,  
মনে হত, সঙ্গীতহীন মুহূর্ত মানেই -  
নিজের সন্ত্বারই মৃত্যু।

তুমিও একসময় তেমনি ছিলে,  
তখন তোমাকেও কতইনা ভালবাসতাম।  
মনে হত, তুমিহীন মুহূর্ত মানেই -  
নিজের সন্ত্বারই মৃত্যু।

তোমার সাথে হারিয়ে গেছে -  
সব সুর, ছন্দ, সঙ্গীত মুর্ছনা।।